# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১০৪

৩২/ ফারাইয (كتاب الفرائض عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ পিতামহীর মীরাছ।

## باب ما جاء في ميراث الجدة

আরবী

حَدَّثَنَا الأَنْصَارِيُّ، حَدَّثَنَا مَعْنٌ، حَدَّثَنَا مَالِكٌ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ عُثْمَانَ بْنِ إِسْحَاقَ بْنِ خَرَشَةَ، عَنْ قَبِيصَةَ بْنِ ذُؤَيْبٍ، قَالَ جَاءَتِ الْجَدَّةُ إِلَى أَبِي بَكْرٍ تَسْأَلُهُ مِيرَاثَهَا . قَالَ فَقَالَ لَهَا مَا لَكِ فِي كِتَابِ اللَّهِ شَيْءٌ وَمَا لَكِ فِي سُنَّةِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم شَيْءٌ فَارْجِعِي حَتَّى أَسْأَلَ النَّاسَ . فَسَأَلَ النَّاسَ فَقَالَ الْمُغِيرَةُ بْنُ شُعْبَةَ حَضَرْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فَأَعْطَاهَا السُّدُسَ . فَقَالَ أَبُو بَكْرٍ هَلْ مَعَكَ غَيْرُكَ فَقَامَ مُحَمَّدُ بْنُ مَسْلَمَةَ الأَنْصَارِيُّ فَقَالَ مِثْلَ مَا قَالَ الْمُغِيرَةُ بْنُ شُعْبَةَ فَأَنْفَذَهُ لَهَا أَبُو بَكْرٍ . قَالَ ثُمَّ جَاءَتِ الْجَدَّةُ الأُخْرَى إِلَى عُمَرَ بْنِ الْخَطَّابِ تَسْأَلُهُ مِيرَاثَهَا فَقَالَ مَا لَكِ فِي كِتَابِ اللَّهِ شَيْءٌ وَلَكِنْ هُوَ ذَاكَ السُّدُسُ فَإِنِ اجْتَمَعْتُمَا فِيهِ فَهُوَ بَيْنَكُمَا وَأَيَّتُكُمَا خَلَتْ بِهِ فَهُوَ لَهَا . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ بُرَيْدَةَ . وَهَذَا أَحْسَنُ وَهُوَ أَصَحُّ مِنْ حَدِيثِ ابْنِ عُيَيْنَةَ .

বাংলা

২১০৪. আনসারী (রহঃ) ...... কাবীসা ইবন যুআয়ব (রহঃ) থেকে বর্ণিত, তিসি বলেনঃ জনৈক জাদ্‌দা (পিতামহী বা মাতামহী) আবূ বকর রাদিয়াল্লাহু আনহু-এর কাছে এসে তার মীরাছ সম্পর্কে প্রশ্ন করল। তিনি তাকে বললেনঃ আল্লাহর কিতাবে তোমার ব্যাপারে কিছু নেই। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সুন্নায়ও তোমার ব্যাপারে কিছু নেই, তুমি ফিরে যাও। আমি এ বিষয়ে লোকদের জিজ্ঞাসা করে নিব।

এরপর তিনি এ বিষয়ে সাহীবীদের জিজ্ঞাসা করলেন। মুগীরা ইবন শু’বা রাদিয়াল্লাহু আনহু বললেনঃ আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর খেদমতে উপস্থিত ছিলাম। তিনি তাকে এক ষষ্ঠমাংশ দিয়েছেন।

আবূ বকর রাদিয়াল্লাহু আনহু বললেঃ তোমার সঙ্গে আরো কেউ ছিল কি? মুহাম্মদ ইবন মাসলামা রাদিয়াল্লাহু আনহু উঠে দাঁড়ালেন এবং মুগীরা যেরূপ বললেন তিনিও সেরূপ বক্তব্য রাখলেন। তখন আবূ বকর রাদিয়াল্লাহু আনহু জাদ্‌দার ক্ষেত্রে এ বিধান জারি করে দিলেন।

পরবর্তীতে অপর এক জাদ্দা উমার ইবন খাত্তাব রাদিয়াল্লাহু আনহু-এর কাছে এসে স্বীয় মীরাছ সম্পর্কে তাকে জিজ্ঞাসা করে তিনি তখন বললেনঃ তোমার জন্য আল্লাহর কিতাবে কিছুই নেই। তবে ঐ ষষ্ঠামাংম রয়েছে, যদি তোমরা দুজন একত্র হও তবে ততটুকুই তোমাদের দুইজনের মাঝে বন্টিত হবে, আর কেউ একা হলে তার জন্যও ঐ পরিমাণই হবে। যঈফ, তিরমিজী হাদিস নম্বরঃ ২১০১ [আল মাদানী প্রকাশনী]

এ হাদীসটি হাসান-সহীহ, এটি ইবন উয়ায়ানা (রহঃ) -এর রিওয়ায়াত থেকে অধিক সহীহ। এ বিষয়ে বুরায়দা রাদিয়াল্লাহু আনহ থেকে হাদীস বর্ণিত আছে।

## English

Qabisah bin Dhuw'aib said:
"A grandmother came to Abu Bakr to ask him about her inheritance. He said to her, 'There is noting for you in the Book of Allah and there is nothing for you in the Sunnah of the Messenger of Allah(S.A.W). So ,return until I ask the people. So he asked the people and Al-Mughirah bin Shu'bah said: 'I was present when the Messenger of Allah(S.A.W) gave her (case) a sixth.' So he said: 'Was anyone else with you?' Muhammad bin Maslamah stood to say the same as what Al-Mughirah bin Shu'bah said. So Abu Bakr implemented that for her." Then the other grandmother came to 'Umar bin Al-Khattab to ask him about her inheritance. He said: 'There is nothing in the Book of Allah for you, but there is that sixth. So if the two of you are together then it is for both of you, and whichever of you remains), then it is for her.'"

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ কাবীসা ইবন যুআয়ব (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37459

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন